

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।  
www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.০৩৩.০৬.০১২.১৬.

তারিখ: / / ২০১৬

শুধাচার কৌশল বাস্তবায়নে খাদ্য অধিদপ্তরের কর্মপরিকল্পনা ২০১৬-২০১৭ সংক্রান্ত নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণীঃ-

- (ক) সভাপতিঃ মহাপরিচালক  
(খ) তারিখঃ ০৭/০৮/২০১৬  
(গ) সময়ঃ বেলা ০২.০০ ঘটিকা।  
(ঘ) স্থানঃ অধিদপ্তরের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলোঃ

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ কাওছারুল ইসলাম সিকদার, উপ-পরিচালক (তদন্ত ও মামলা), প্রশাসন বিভাগ শুধাচার কৌশল বাস্তবায়নে খাদ্য অধিদপ্তরের জন্য গঠিত নৈতিকতা কমিটি ও এর কর্মপরিধির উপর সভাকে জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের ০৪ এপ্রিল ২০১৩ তারিখের ০৪.২২১.০৪১.০০.০৪.০১৯.২০১০.৪০০ নং স্মারক মোতাবেক খাদ্য অধিদপ্তরের জাতীয় শুধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত সদস্যদের নিয়ে নৈতিকতা কমিটি গঠন করা হয়ঃ

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা - সভাপতি
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা - সদস্য
- ৩। পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা - সদস্য
- ৪। পরিচালক, সংগ্রহ, খাদ্য অধিদপ্তর, ঢাকা - সদস্য
- ৫। পরিচালক, হিসাব ও অর্থ, খাদ্য অধিদপ্তর, ঢাকা- সদস্য
- ৬। পরিচালক, প্রশিক্ষণ, খাদ্য অধিদপ্তর, ঢাকা - সদস্য সচিব

**২। নৈতিকতা কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ**

- (ক) খাদ্য অধিদপ্তরের শুধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ।  
(খ) পরিলক্ষিত অন্তরায় দুরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন।  
(গ) শুধাচার প্রতিষ্ঠায় গৃহিত কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ এবং  
(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগে অবস্থিত জাতীয় শুধাচার বাস্তবায়ন ইউনিটে সংশ্লিষ্ট অধিদপ্তর/প্রতিষ্ঠানের শুধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

তিনি খাদ্য মন্ত্রণালয়ের শুধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনার আলোকে খাদ্য অধিদপ্তরের কর্ম-পরিকল্পনা প্রণয়নের জন্য সভায় উপস্থিত সদস্যবৃন্দের সম্মুখে পর্যায়ক্রমে বিষয়/কর্মসমূহ তুলে ধরেন। সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণের মাধ্যমে সভার আলোচনা ও সিদ্ধান্ত নিয়ে উপস্থাপন করা হলোঃ

**শুধাচার কৌশল বাস্তবায়নে খাদ্য অধিদপ্তরের নিমিত্ত সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা, ২০১৬-২০১৭**

ক্র. নং	বিষয়/কার্যসমূহ	আলোচনা	সিদ্ধান্ত/মন্তব্য	বাস্তবায়ন
<b>প্রাতিষ্ঠানিক ব্যবস্থা</b>				
১.১	নৈতিকতা কমিটির সভা	শুধাচার ও সুশাসনের সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও সমাধানের জন্য নিয়মিত নৈতিকতা কমিটির সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	তিন মাস অন্তর অন্তর নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে।	মহাপরিচালক/প্রশিক্ষণ বিভাগ খাদ্য অধিদপ্তর।
১.২	অংশীজনের অংশগ্রহণে সভা	মাঠ পর্যায়ের শুধাচার ও সুশাসনের সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও সমাধানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সাইলো সুপার, প্রধান মিলার, প্রধান নিয়ন্ত্রকের অংশগ্রহণে নিয়মিত সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।	মাঠ পর্যায়ের শুধাচার ও সুশাসনের সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও সমাধানের লক্ষ্যে তিন মাস অন্তর অন্তর সভা আয়োজন করতে হবে।	পরিচালক (প্রশাসন) খাদ্য অধিদপ্তর।
<b>২. সচেতনতা বৃদ্ধি</b>				
২.১	শুধাচার কৌশল বাস্তবায়নে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান	নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচিতে শুধাচার ও নৈতিকতা বিষয় অন্তর্ভুক্ত করে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এই প্রশিক্ষণ অব্যাহত রাখার জন্য প্রশিক্ষণ বিভাগ কার্যকরী পদক্ষেপ নেয়ার বিষয়ে আলোচনা হয়।	নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচিতে শুধাচার ও নৈতিকতা বিষয় অন্তর্ভুক্ত করতে হবে এবং প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।	প্রশিক্ষণ বিভাগ খাদ্য অধিদপ্তর।
<b>৩. বিদ্যমান আইন ও বিধি-বিধান এর সমস্যা চিহ্নিতকরণ এবং সংস্কার/সংশোধন</b>				
৩.১	যোগোপযোগি নিয়োগবিধি প্রণয়ন	সকল পর্যায়ের কর্মকর্তা/ কর্মচারীদের যোগোপযোগি নিয়োগবিধি প্রণয়ন করা প্রয়োজন। সকলের মতামত নিয়ে একটি যোগোপযোগি নিয়োগবিধি প্রণয়ন করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	সকল পর্যায়ের কর্মকর্তা/ কর্মচারীদের একটি যোগোপযোগি নিয়োগবিধি প্রণয়ন করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	প্রশাসন বিভাগ খাদ্য অধিদপ্তর।
৩.২	খাদ্য বান্ধব কর্মসূচী চালু করা	বর্তমান প্রেক্ষাপটে খাদ্য বান্ধব কর্মসূচী চালু করা প্রয়োজন। এ বিষয়ে দ্রুততম সময়ে উদ্যোগ গ্রহণ	দ্রুততম সময়ে খাদ্য বান্ধব কর্মসূচী চালু করতে হবে।	সববি বিভাগ খাদ্য অধিদপ্তর।

